

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর : ৪৬.০৪২.০০০০.০০০.২৬.০০২.১৭.৪৮৭

তারিখ: ১৬ চৈত্র ১৪৩২
৩০ মার্চ ২০২৬


বিষয় : বগুড়া জেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ০১(এক)টি নতুন জিপ গাড়ি ক্রয়/প্রতিস্থাপনের প্রশাসনিক অনুমোদন।

সূত্র: স্মারক নং-৪৬.৫০.১০০০.০০০০.০০১.২৬.০০৪.২২.৩৪৯, তারিখ: ০৮/০৩/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ১,৬৭,৬০,০০/- (এক কোটি সাতষট্টি লক্ষ ষাট হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে টিওএন্ডইভুক্ত একটি জিপ গাড়ি (মিতসুবিশি পাজেরো স্পোর্ট QX মডেল) ক্রয়/প্রতিস্থাপনের প্রস্তাব পাওয়া যায়। বগুড়া জেলা পরিষদের মালিকানাধীন পুরাতন 'বগুড়া-ঘ-১১-০০২৪'নং জীপ গাড়িটি ২০০২ সালে (প্রায় ২৪ বছর পূর্বে) ক্রয় করা হয়েছিল। গাড়িটি ব্যবহারের অনুপযোগী হওয়ায় সকল আনুষ্ঠানিকতা শেষে চূড়ান্ত একেজো ঘোষণা করা হয়েছিল। অর্থ বিভাগ বগুড়া জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ৬৫.০০ লক্ষ (পঁয়ষট্টি লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে একটি জিপ গাড়ি ক্রয়ের সম্মতি প্রদান করেন। কিন্তু অর্থ বিভাগের সম্মতিকৃত ৬৫.০০ লক্ষ (পঁয়ষট্টি লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে বগুড়া জেলা পরিষদের নতুন জিপ গাড়ি এখনও ক্রয় করা হয়নি। অর্থ বিভাগের সম্মতিকৃত ৬৫.০০ লক্ষ (পঁয়ষট্টি লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে নতুন জিপ গাড়ি ক্রয় করে প্রত্যন্ত এলাকার প্রকল্প যাচাইকরণ, সরেজমিন তদন্তকরণ ও বিভিন্ন স্থান পরিদর্শন করা কষ্টসাধ্য। তাই বর্তমানে বগুড়া জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ১,৬৭,৬০,০০/- (এক কোটি সাতষট্টি লক্ষ ষাট হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে নতুন জিপ গাড়ি ক্রয়ের জন্য পুনরায় প্রস্তাব করা হয়েছে। উল্লেখ্য গাড়ি ক্রয়ের জন্য পর্যাপ্ত অর্থ বগুড়া জেলা পরিষদের রাজস্ব তহবিলে রয়েছে। উক্ত অর্থ ব্যয়ে মন্ত্রণালয়/বিভাগের অর্থের কোন সংশ্লিষ্টতা নেই বিধায় প্রস্তাবিত অর্থে গাড়ি ক্রয়ের সম্মতি প্রদান করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, বগুড়া জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ১,৬৭,৬০,০০/- (এক কোটি সাতষট্টি লক্ষ ষাট হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে টিওএন্ডইভুক্ত একটি জিপ গাড়ি (মিতসুবিশি পাজেরো স্পোর্ট QX মডেল) ক্রয়/প্রতিস্থাপনের বিষয়ে সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইল: lgzp@lgd.gov.bd


সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নম্বর : ৪৬.০৪২.০০০০.০০০.২৬.০০২.১৭.৪৮৭/১(৮)

তারিখ: ১৬ চৈত্র ১৪৩২
৩০ মার্চ ২০২৬

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. প্রশাসক, জেলা পরিষদ, বগুড়া;
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা;
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়া;
৬. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা;
৭. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৮. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।


খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব